তারিখ ২৭।১২।৮১
পৃষ্ঠা



দৈনিক বাংলা



প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন ধর্মঘটের তৃতীয় দিনে শনিবার চিকিৎসক দল অনশন ধর্মঘটীদের স্বাস্থ্য পরীক্ষা করেন

# বারোজন শিক্ষকের অবস্থার অবনতি

(স্টাফ রিপোর্টার)

তিন-দফা দাবীর ভিত্তিতে প্রাথমিক শিক্ষকদের অনশনের তৃতীয় দিনে গতকাল শনিবার আরও দুজন অনশনে অংশগ্রহণ করেছেন। এ দুজন অনশনকারী একটি ছাত্র সংগঠনের সদস্য। এ নিয়ে অনশনকারীদের সংখ্যা দাঁড়াল ৩০৮ জনে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদের মুক্তি, সমিতির সঙ্গে সম্পাদিত চুক্তি বাস্তবায়ন ও প্রাথমিক শিক্ষকদের বেতনস্কেল পুনর্নির্ধারণের দাবীতে কেন্দ্রীয় শহীদ মিনারের পাদদেশে এসব শিক্ষক গত বৃহস্পতিবার থেকে আমরণ অনশন শুরু করেছেন।

শনিবার অনশনকারী শিক্ষকদের মধ্যে নতুন করে ১২ জন শিক্ষকের অবস্থার অবনতি ঘটেছে। এদিকে শুক্রবার যে ৬ জন শিক্ষককে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছিল তাঁদের মধ্যে জনাব রফিকউদ্দিন ও জনাব ওমর আলীর অবস্থা গুরুতর বলে জানা গেছে। অপর চারজন ওষুধ সেবনে অস্বীকৃতি জানালে তাঁদেরকে

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বারোজন শিক্ষক

(প্রথম পৃঃ পর)

অনশন কেন্দ্রে ফিরিয়ে আনা হয়।

গতকাল নতুন করে যাদের অবস্থার অবনতি ঘটেছে তাদেরকে অনশন কেন্দ্রেই ডাক্তারী চিকিৎসা করা হয়েছে, এছাড়া অনশনকারী শিক্ষকদের সার্বক্ষণিক তত্ত্বাবধানের জন্যে বেসরকারী পর্যায়ে একটি মেডিক্যাল টিমও গঠন করা হয়েছে।

এদিকে সমিতির সাধারণ সম্পাদক জনাব আ কা ফজলুল হক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গতকাল সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদের বাসভবনে বিভিন্ন রাজনৈতিক দলের এক সভা অনুষ্ঠিত হয়েছে, জনাব শামসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় অনশনরত প্রাথমিক শিক্ষকদের প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করে তাদের দাবী-দাওয়া মেনে নেয়ার জন্যে সরকারের প্রতি দাবী জানান হয়। সভায় অপর এক প্রস্তাবে আগামী সোমবার বিকেল তিনটায় শহীদ মিনারের পাদদেশে এক জনসভা অনুষ্ঠানেরও সিদ্ধান্ত নেয়া হয়।

গতকালের এ সভায় বাংলাদেশ আওয়ামী লীগ (হাসিনা) আওয়ামী লীগ (মিজান), পিপলস পার্টি, জাসদ, বাসদ, ডেমোক্রেটিক লীগ, ওয়ার্কার্স পার্টি, গণতান্ত্রিক পার্টি, শ্রমিক কৃষক সমাজবাদী দল, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, বাংলাদেশের সাম্যবাদী দল (এম-এল), জাতীয় গণতান্ত্রিক পার্টি, ন্যাপ (মোজাফফর), ন্যাপ (ভাসানী) ন্যাপ (নূরু), ন্যাপ (হারুন), বাংলাদেশ জাতীয় লীগ, জাতীয় জনতা ও গণতান্ত্রিক পার্টিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন বলে এই প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

এদিকে অনশনরত প্রাথমিক শিক্ষকদের দাবীর প্রতি সমর্থন জ্ঞাপন করে অবিলম্বে তাদের দাবী-দাওয়া মেনে নেয়ার জন্যে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে আলাদা আলাদা বিবৃতিতে সরকারের প্রতি আহ্বান জানান হয়েছে। এসব সংগঠনের মধ্যে রয়েছেঃ বাংলাদেশ জনশক্তি পার্টি, বাংলাদেশ লেবার পার্টি, বাংলাদেশের সাম্যবাদী দল (এমএল), গণতান্ত্রিক পার্টি, ইসলামী শাসন্ত্র শিবির, বিপ্লবী ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ পিপলস লীগ, গণতান্ত্রিক যুব আন্দোলন, বাংলাদেশ খাদ্য কর্মচারী পরিষদ, বাংলাদেশ রিকশা মজদুর ফেডারেশন ও বাংলাদেশ মিনিস্টিরিয়েল কর্মচারী সমিতি।

ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্যসেন হল ছাত্র সংসদের সহ-সভাপতি জনাব আতাউর রহমান ডিউক শনিবার এক বিবৃতিতে অবিলম্বে প্রাথমিক শিক্ষকদের তিন দফা দাবী মেনে নেয়ার আহ্বান জানান।